ধানখোলায় মিয়াবাড়ীর মিলন মোহনা

দিন ব্যাপি বর্ণাঢ্য আয়োজনে মেহেরপুরের গাংনী উপজেলার ধানখোলা গ্রামের ঐতিহ্যবাহী মিয়াবাড়ীর সদস্যদের মিলন মোহনা অনুষ্ঠিত হয়েছে। পারিবারিক সম্প্রীতির বন্ধন মজবুত করতেই ঐতিহ্যবাহী পাকা পুকুর পাড়ে এই মিলন মোহনা অনুষ্ঠিত হয়।

গতকাল শুক্রবার সকালে ধানখোলা গ্রামের মিয়াবাড়ির ছেলে, মেয়ে, জামায়সহ সকলেই বিভিন্ন সাজে হাজির হয় ঐতিহ্যবাহী পাকা পুকুর পাড়ে। পাঁচ প্রজন্মের উপস্থিতিতে শুরু হয় নতুন করে পরিচিত-অপরিচিত ছোট বড় সকলের কুশল বিনিময় ও পরিচিতি পর্ব।

গাংনী মহিলা ডিগ্রি কলেজের অধ্যক্ষ খোরশেদ আলীর উদ্যোগে, এমএস জোহা কলেজের প্রভাষক আলিমুজ্জামান বাবু ও ধানখোলা মাঝের পাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সাজেদুল আলম শাহিনের সমন্বয়ে মিয়াবাড়ির পাঁচ প্রজন্মের বিভিন্ন বয়সের সদস্যরা মিলন মোহনা উপস্থিত হয়।

আগত সকলের সামনে প্রয়াত পূর্বপুরুষদের চিত্র প্রদর্শন, স্মৃতিচারণ ও তাদের আত্মার মাগফেরাতের জন্য বিশেষ দোয়া মোনাজাত করা হয়। দোয়া শেষে শিশুদের চিত্রাংকন, আবৃতি প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়। দুপুরে মধ্যাহ্ন ভোজের পরে শুরু হয় কুইজ প্রতিযোগীতা, বড়দের হাড়ি ভাঙ্গা খেলাসহ বিভিন্ন প্রতিযোগীতা ও লাকী কুপন ড্র অনুষ্ঠিত হয়।

উদ্যোক্তা খোরশেদ আলীর নেতৃত্বে ঐতিহ্যবাহী এ অনুষ্ঠানে যোগদেন মিয়াবাড়ীর জামাতা গাংনী উপজেলা পরিষদ চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম.এ খালেক।

অতিথি হিসেবে এই মিলন মেলায় উপস্থিত হয়েছিলেন গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা ওবাইদুর রহমান। দেশের বিভিন্ন প্রান্তে অবস্থান করায় অনেকের সাথেই দীর্ঘদিন পর সাক্ষাৎ পেয়ে আনন্দ উল্লাসে মেতে ওঠে ছোট বড় সকলেই। এ যেন এক নতুন পৃথিবী। এই প্রথম এরকম অনুষ্ঠানের আয়োজন করায় উদ্যোক্তা ও সমন্বয়কারীদের প্রতি যেনো সকলেই কৃতজ্ঞতার শেষ নেই। সকলের অনুরোধ এই ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য।

এসময় জেলা আওয়ামী লীগের সাবেক মহিলা বিষয়ক সম্পাদক নুরজাহান বেগম বলেন, আমি মিয়াবাড়ির মেয়ে, ঈদের সময়ও এই আনন্দটুকু ভাগাভাগি করার সুযোগ হয় না। সকলেই পরিবারের কাজ আত্মীয় স্বজনের সাথে দেখা করতে গিয়ে আর আমাদের কয়েক প্রজন্মের মানুষের সাথে সাক্ষাৎ হয়না।

আশা করি এখন থেকে প্রতিবছরই আমরা এরকম আয়োজন করতে পারবো।

মেপ্র/আরপি

গাংনীতে স্বেচ্ছাসেবকলীগের প্রস্তুুতি সভা

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় পালন করার লক্ষে মেহেরপুরের গাংনীতে প্রস্তুুতি সভা অনুষ্ঠিত হয়েছে।
গতকাল শুক্রবার সন্ধ্যায় সেচ্ছাসেবকলীগের উদ্যোগে গাংনী অডিটোরিয়ামে এ সভা অনুষ্ঠিত হয়।

সভায় জেলা সেচ্ছাসেবকলীগের যুগ্ন আহবায়ক আরিফুল ইসলাম সোবহানের সভাপতিত্বে প্রধান অতিথী হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এম.এ খালেক।

প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন কেন্দ্রীয় সেচ্ছাসেবকলীগের সদস্য আদনান সুমন।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা সেচ্ছাসেবকলীগ আহবায়ক আরিফুল এনাম বকুল।

এছাড়া বক্তব্য রাখেন, সেচ্ছাসেবকলীগ নেতা তারিফুল ইসলাম জীবন, মেহেরপুর সদর উপজেলা সেচ্ছাসেবকলীগের সভাপতি ছানোয়ার হোসেন, মুজিবনগর উপজেলা সেচ্ছাসেবকলীগের সাধারণ সম্পাদক আরিফ শাহ, সাবেক ছাত্রনেতা হুমায়ন কবির রিপন, সেচ্ছাবেকলীগ নেতা আব্দুল মান্নান প্রমুখ।

এসময় ছাত্রলীগ নেতা আসিফ ইকবাল অনিক সহ সেচ্ছাসেবকলীগের বিভিন্ন পর্যায়ের নেতা কর্মীরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠান সঞ্চালনা করেন সাবেক ছাত্র নেতা জীবন আকবর।

মেপ্র/আরপি

গাংনীতে সরকারী গাছ কাটতে গিয়ে হোঁচট খেলেন প্রধান শিক্ষক

মেহেরপুরের গাংনীতে সরকারী গাছ কাটতে গিয়ে পুলিশের বাধার মুখে পিছু হঠলেন লুৎফুন্নেছা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জাকির হোসেন।

গত বুধবার সকাল ১০ টায় গোপালনগর লুৎফুন্নেছা মাধ্যমিক বিদ্যালয় সংলগ্ন রাস্তার পাশে একটি গাছ কাটতে গেলে এলাঙ্গি পুলিশ ক্যাম্পের সদস্যরা বাধা দেয়। এ ঘটনায় প্রধান শিক্ষক জাকির হোসেনের বিরুদ্ধে নানা সমালোচনা শুরু হয়েছে।

এলাঙ্গি পুলিশ ক্যাম্পের ইনচার্জ টি এস আই মিজানুর রহমান জানান, লুৎফুন্নেছা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জাকির হোসেন রাস্তা সংলগ্ন সরকারী একটি মেহগুনি গাছ কাটছে এমন সংবাদ পেয়ে কর্তৃপক্ষের অনুমতি ছাড়া গাছ কাটতে নিষেধ করা হয়েছে। পুলিশ পৌছানোর পূর্বেই ডালপালা ও গাছের নীচের বেশির ভাগ অংশ কাটা হয়েছে। বনবিভাগ কিংবা স্থানীয় কোন কর্তৃপক্ষের অনুমতির কাগজ দেখাতে পারলে পুলিশ বাধা দেবেনা। সরকারী সম্পদ রক্ষা করার আমার কর্তব্য ও নৈতিক দায়িত্ব। আমি শুধু মাত্র আমার দায়িত্ব পালন করেছি।

লুৎফুন্নেছা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জাকির হোসেন জানান,এই গাছটি প্রয়াত প্রধান শিক্ষক নাজমুল হোসেনের হাতে লাগানো। গাছটি স্কুলের ভেবে ফার্নিচার তৈরি করার জন্য কাটার সিদ্ধান্ত নেয়া হয়েছিলা। এলাঙ্গি পুলিশ ক্যাম্পের সদস্যরা কর্তৃপক্ষের অনুমতি ছাড়া গাছ কাটতে নিষেধ করার কারনে গাছ কাটা

বন্ধ রাখা হয়েছে।

এ বিষয়ে কথা বলতে শুক্রবার সকাল ১১ টায় গাংনী বন কর্মতার ব্যবহৃত মোবাইল ফোনে কল দিলে বন্ধ পাওয়া যায়।

গাংনী মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাশার জানান,গাছ যদি বন বিভাগের হয়ে থাকে তাহলে তারা আইনগত ব্যবস্থা নেবে। আর যদি বিদ্যালয়ের গাছ হয় তাহলে অনুমতি না নিয়ে গাছ কাটা কিংবা চেষ্টার অপরাধে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

মেপ্র/আরপি

মেহেরপুরের গাংনীতে হামরুবেলা ক্যাম্পেইন উপলক্ষে এ্যাডভোকেসী সভা

গাংনীতে হামরুবেলা ক্যাম্পেইন উপলক্ষে এ্যাডভোকেসী সভা করেছে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স।

গতকাল বৃহষ্পতিবার দুপুরে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সভাকক্ষে অনুষ্ঠিত এ সভায় সভাপতিত্ব করেন উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা এম রিয়াজুল ইসলাম।

মেডিকেল টেকনোলোজিস্ট (ইপিআই) আব্দুর রশীদের সঞ্চালনায় অনুষ্ঠিত সভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার সাদিয়া আক্তার, ডা. আদিলা আজহার, উপজেলা শিক্ষা অফিসার আলাউদ্দীন আহমেদসহ অত্র দপ্তরের কর্মকর্তাবৃন্দ।

এবারে ৯ মাস থেকে ১০ বছরের ৫৮ হাজার সাত জন শিশুকে হাম রুবেলা টিকা প্রদান করা হবে।

মেপ্র/আরপি

[redacted]

[redacted]

[redacted]

[

গাংনীর ৫ ইটভাটায় ২ লাখ ৭০ হাজার টাকা জরিমানা

মেহেরপুরের গাংনীর ৫টি ইটভাটা থেকে ২ লাখ ৭০ হাজার টাকা জরিমানা আদায় করেছে ভ্রাম্যমাণ আদালত।

মঙ্গলবার দুপুরে গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট ইয়ানুর রহমান এ অভিযান পরিচালনা করেন। সড়কে মাটি ফেলে জন দুর্ভোগ সৃষ্টি করায় এ জরিমানা আদায় করা হয়। ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা গেছে, অভিযানের শুরুতে গাংনী থানা সড়কে দু’টি ইটভাটার সামনের পিচঢালা সড়ক কাদায় পরিণত লক্ষ্য করেন ভ্রাম্যমাণ আদালত। এ অপরাধের দায়ে আস্থা বিক্সস মালিক স্বপনের কাছ থেকে ৩০ হাজার ও দোয়েল বিক্সসের মালিক রুহুল আমিনের কাছ থেকে ৬০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

পরে মেহেরপুর-কুষ্টিয়া আঞ্চলিক মহাসড়কের অভিযান পরিচালনা কেও ভ্রাম্যমাণ আদালতের দলটি। অভিযানে একই অপরাধের দায়ে বামন্দীর বাজারে পাশে এনএএসবি ব্রিক্সের মালিক আওয়াল হোসেনের কাছ থেকে ৫০ হাজার, লিটন হোসেনের এমএসআরএফএল ব্রিক্সস থেকে ৬০ হাজার ও চঞ্চল হোসেনের বিশ্বাস ব্রিক্সস থেকে ৭০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

ভ্রাম্যমাণ আদালতকে বামন্দি ফায়ার সার্ভিস ইউনিট ও গাংনী থানা পুলিশ সহযোগীতা করে।

মেপ্র/ইএম

মেহেরপুরে সময়ের আলো’র প্রতিষ্ঠা বার্ষিকী পালন

প্রথম বছরেই প্রমান করেছে বস্তুনিষ্ঠ ও তথ্য ভিত্তিক পত্রিকা দৈনিক সময়ের আলো। সময়ের আলো দেশের উন্নয়ন, সমাজের অসঙ্গতি তুলে

ধরে এবং সাধারণ মানুষের কথা বলে। আমি সময়ের আলোর সফলতা কামনা করি।

মেহেরপুরে দৈনিক সময়ের আলো পত্রিকার প্রতিষ্ঠা বার্ষিকীতে প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক আতাউল গনি।

সোমবার সকাল ১০টায় মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীতে আয়োজিত দৈনিক সময়ের আলো পত্রিকার প্রতিষ্ঠা বার্ষিকীর কেক কাটা হয়।

মেহেরপুর প্রেসক্লাবের সভাপতি ফজলুল হক মন্টুর সভাপতিত্বে অনুষ্ঠানে অতিথি ছিলেন জেলা হিসাবরক্ষন কর্মকর্তা আনিসুর রহমান, প্রেসক্লাব সাধারণ সম্পাদক আলামিন হোসেন, সাবেক সাধারণ সম্পাদক রফিক উল আলম, গাংনী প্রেসক্লাব সাধারণ সম্পাদক মাহাবুব আলম। এছাড়াও বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিক উপস্থিত ছিলেন।

সংক্ষিপ্ত আলোচনা শেষে জেলা প্রশাসক আতাউল গনি ও সময়ের আলো মেহেরপুর প্রতিনিধি তৌহিদ উদ দৌলা কেক কাটেন।

গাংনীতে কোদাইলের কোপে সতিন জখম

মেহেরপুরের গাংনীতে সতিনের কোদাইলের কোপে শকেজান (৩৫) নামের সতিন (দ্বিতীয় স্ত্রী) মারাত্মক জখম হয়েছে।

আজ সোমবার সকালে উপজেলার মটমুড়া বাগানপাড়ায় এ ঘটনা ঘটে। আহত শখেজান মটমুড়া গ্রামের আঃ বারেকের দ্বিতীয় স্ত্রী। শখেজান জানান, আমার সতিন সবেদা (৪৫) তার মেয়েকে ভাত রান্নার জন্য বকাবকি করছিল এ সময় তাকে নিষেধ করলে সে একটি কোদাইল দিয়ে আঘাত করে।

এ সময় কোদাইলের কোপে তার ডান হাতে মারাত্মক জখম হয়। স্থানীয়রা তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসে। কর্তব্যরত চিকিৎসক তাকে প্রাথমিক চিকিৎসা দেন।

তার হাতের অবস্থা পর্যবেক্ষণের জন্য চিকিৎসক তাকে ভর্তি থাকার পরামর্শ দেন। গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোঃ ওবাইদুর রহমান জানান এ বিষয়ে লিখিত অভিযোগ পেলে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

মেহেরপুরের গাংনীতে জাতীয় ভোটার দিবস উদযাপিত

মেহেরপুরের গাংনীতে জাতীয় ভোটার দিবস উদ্যাপিত হয়েছে। আজ সোমবার সকাল সাড়ে ১০ টার দিকে উপজেলা নির্বাচন অফিস ও উপজেলা প্রশাসনের আয়োজনে এ দিবসটি উদ্যাপিত হয়।

দিবসটি পালন উপলক্ষে প্রথমে একটি র্যালি উপজেলা পরিষদ চত্বর থেকে বের হয়ে হাসপাতাল প্রদক্ষিণ করে পূর্বের স্থানে এসে শেষ হয়। পরে উপজেলা পরিষদ সভাকক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এবারের প্রতিপাদ্য বিষয় “ ভোটার হয়ে ভোট দেব, দেশ গড়ায় অংশ নেব” সভায় উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদ চেয়ারম্যান ও জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এম এ খালেক।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন। গাংনী মডেল প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক পারভেজ সাজ্জাদ রাজা’র সঞ্চালনায় অনুষ্ঠানের স্বাগত বক্তব্য রাখেন উপজেলা নির্বাচন কর্মকর্তা রশিদুল আলম।

[redacted]

[redacted]

সন্তানের মুখ দেখে আনন্দে আত্মহারা প্রতিবন্ধী রোকেয়া।

এদিকে রোকেয়ার সন্তান হওয়ার খবর এলাকায় ছড়িয়ে পড়লে উৎসুক জনতা মা ও মেয়েকে দেখতে স্বাস্থ্য কমপ্লেক্সে ভিড় জমায়।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের টিএইসএ ডা: রিয়াজুল আলম বলেন, রোকেয়ার সাভাবিক প্রসব হয়েছে। মা মেয়ে দুজনেই সুস্থ্য আছেন। রোকেয়ার নবজাতক মা খুঁজে পেলেও বাবা হয়নি কেউ।

মেপ্র/আরপি